



রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, EIIN- 127043

Website: www.rmescraj.edu.bd / E-mail: mail.rmesc@gmail.com

তারিখ : ১২/০৫/২০১৯ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল SMS এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের Website: www.xiclassadmission.gov.bd। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গত ১৮/০৯/২০১৭ খ্রি. তারিখে (-)- স্মারকের প্রজ্ঞাপন এবং ২৮/০৯/২০১৭ খ্রি. তারিখের বাংলাদেশ গেজেটের (২০১৭ সনের ৩৯ নং) মাধ্যমে এটি সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। রাজশাহী মডেল স্কুল এন্ড কলেজে বাংলা ভাষা সন্থা ডি শিফটে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ (প্রতিষ্ঠানটি সরকারি আদেশে সরকারিকরণ হলেও গত ১০/১২/২০১৭ খ্রি. তারিখের (-)-১২২৭ নং আদেশ মোতাবেক প্রতিষ্ঠানটি স্ব অর্থায়নে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আগের নিয়মেই চলবে)

শাখা / বিভাগ	ন্যূনতম যোগ্যতা	আসন সংখ্যা	সেশন চার্জ	মাসিক বেতন	মাসিক ডি. এ্যালাট ফি	ব্যবস্থাপনা ফি	মোট ভর্তি ফি
বিজ্ঞান	জিপিএ-৪.০০	৩০০	৭,২২০	৬০০	৫০	১০০	৭,৯৭০
ব্যবসায় শিক্ষা	জিপিএ-৩.০০	১৫০	৬,২২০	৬০০	৫০	১০০	৬,৯৭০
মানবিক	জিপিএ-৩.০০	১৫০	৬,২২০	৫৫০	৫০	১০০	৬,৯২০

অত্র প্রতিষ্ঠান হতে এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকেও অনলাইনে আবেদন করতে হবে তবে তারা ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে এবং সেশন চার্জ প্রতি বিভাগে ১,০০০ টাকা কম হবে।

আবেদনের তারিখ	১২-০৫-২০১৯ হতে ২৩-০৫-২০১৯	ফলাফল প্রকাশ	১০-০৬-২০১৯
ভর্তির তারিখ	মেধা তালিকা ২৭-০৬-২০১৯ হতে ৩০-০৬-২০১৯ (আসন শূন্য থাকার সাপেক্ষে চাহিদা মোতাবেক)	ক্লাস শুরুর তারিখ	০১-০৭-২০১৯

ভর্তির সময় জমা দিতে হবেঃ ১) এস.এস.সি. বা সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্র (আবশ্যিক) ২) প্রশংসাপত্র ও নম্বরপত্রের ফটোকপি ১ কপি। ৩) পাসপোর্ট সাইজ রঙিন ছবি ৩ কপি। ৪) ভর্তি ফলাফলের সাথে SMS এ প্রাপ্ত PIN

বিশেষ সুবিধাসমূহ :

- ধূমপান ও রাজনীতি মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান
- শব্দ ও বায়ু দূষণমুক্ত, শান্ত এবং সবুজেরা ছবির মত মনোরম অত্যাধুনিক ক্যাম্পাস
- সমৃদ্ধ লাইব্রেরি
- ক্লাসের পড়া ক্লাসে আদায়
- মাল্টিমিডিয়া মাধ্যমে ক্লাসের ব্যবস্থা
- অত্যাধুনিক জিমনেসিয়াম
- ডি-অ্যালাট সিস্টেমের মাধ্যমে অভিভাবকদের মোবাইলে তথ্য প্রেরণ
- বিজ্ঞানের সকল বিভাগে সমৃদ্ধ ল্যাবরেটরি
- ৩০ টি কম্পিউটার সম্বলিত উন্নতমানের কম্পিউটার ল্যাব
- সৃজনশীল পদ্ধতি ও ডিজিটাল কন্টেন্ট প্রস্তুতের উপর প্রশিক্ষণ প্রাপ্ত অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠ দান।
- হালকা জলখাবারের জন্য স্বাস্থ্যসম্মত ক্যান্টিনের ব্যবস্থা।

গুরুত্বপূর্ণ নিয়মাবলীঃ

- প্রতিষ্ঠান থেকে প্রদত্ত 'আচরণ বিধি' বই-এ বর্ণিত বিধি-বিধান পূর্ণাঙ্গরূপে অনুসরণ করতে হবে।
- সকল ছাত্র-ছাত্রীকে পূর্ণ ইউনিফর্ম পরে ক্লাস শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে, প্রথম ক্লাস শুরুর ঘটনা হওয়ার পরে কোন ছাত্র-ছাত্রী ক্লাসে প্রবেশ করতে পারবে না।
- ছাত্রদের আর্মি কাট চুল থাকবে এবং ছাত্রীদের চুল বেঁধে (বেনী করে) আসতে হবে। চুল রং করা বা কোনো স্টাইল করা যাবে না।
- নিয়মিত ক্লাস করতে হবে এবং সকল ক্লাস টেস্টে অংশ গ্রহণ করতে হবে।
- পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ক্লাসে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে।
- একাদশ শ্রেণির বর্ষ সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হতে না পারলে একাদশ শ্রেণিতেই পুনঃভর্তি হবে।

যোগাযোগঃ ০১৭১১-০০৬৭৭৭, ০১৭১১-৪১০৬৯১, ০১৭১৭-৫০৭২৩৫

স্বাক্ষরিত/-

প্রফেসর মোঃ আকবর হোসেন

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ।